ভোরের কাগজ

129

তারিখ 25 APR 1998
পৃষ্ঠা ১ কলাম 2

গবেষণা রিপোর্ট

# ঢাকা বিশ্ববিদ্যালয়ে ৬৪ ভাগ শিক্ষার্থী ছাত্ররাজনীতি নিষিদ্ধ করার পক্ষে

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক : ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৬৪ ভাগ শিক্ষার্থী ঢাকা বিশ্ববিদ্যালয়ে ছাত্ররাজনীতি নিষিদ্ধ করার পক্ষে। তাদের মতে, সন্ত্রাসসহ বিভিন্ন সমস্যার প্রধান কারণ হচ্ছে ছাত্ররাজনীতি। ঢাকা বিশ্ববিদ্যালয়ের গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের একটি গবেষণা রিপোর্ট থেকে এ কথা জানা যায়।

'ছাত্র শিক্ষক সম্পর্ক : ঢাকা বিশ্ববিদ্যালয় প্রেক্ষিত' শীর্ষক এই গবেষণাপত্রটি বিভাগীয় শিক্ষক ড. আহাদুজ্জামান মোঃ আলীর তত্ত্বাবধানে বিভাগীয় ছাত্র আতিকুর রহমান পরিচালনা করেন। রিপোর্ট অনুযায়ী, দেশের সর্বোচ্চ শিক্ষা প্রতিষ্ঠান ঢাকা বিশ্ববিদ্যালয়কে রক্ষা করার জন্য অবিলম্বে ছাত্ররাজনীতি বিশ্ববিদ্যালয়ে নিষিদ্ধ করা উচিত বলে ৬৪ ভাগ শিক্ষার্থী মতামত ব্যক্ত করে। শিক্ষকদের মধ্যে ১৬ ভাগ রাজনীতি নিষিদ্ধ করার পক্ষে মত দিয়েছে বলে রিপোর্ট উল্লেখ করা হয়। তবে ৫ ভাগ শিক্ষক ছাত্ররাজনীতিকে জাতীয় রাজনীতি থেকে পৃথক করার পক্ষে মতামত ব্যক্ত করেছে।

রিপোর্ট অনুযায়ী বিশ্ববিদ্যালয়ের অধিকাংশ ছাত্রের ছাত্ররাজনীতির সঙ্গে কোনো ধরনের সম্পৃক্ততা নেই। তবে শিক্ষকদের মধ্যে ৭১ ভাগ শিক্ষক রাজনীতির সঙ্গে জড়িত রয়েছেন। তাদের এই সম্পৃক্ততা একাডেমিক কর্মকাণ্ডকে প্রভাবিত করে বলে রিপোর্টে উল্লেখ করা হয়। ৫১ ভাগ ছাত্র সুষ্ঠু একাডেমিক পরিবেশের স্বার্থে শিক্ষক-রাজনীতি নিষিদ্ধ করা উচিত বলে মতামত ব্যক্ত করে।